দৈনিক সংবাদ

তারিখ : 17 NOV 1993
পৃষ্ঠা ৫ কলাম ৭

১

114

### স্কুলঘর ও ছাত্রছাত্রী নেই

# চারজন শিক্ষকের নামে বেতন তোলা হচ্ছে যথারীতি

নেত্রকোনা, ১৬ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।– স্কুল ঘর এবং ছাত্রছাত্রীর কোন অস্তিত্ব না থাকলেও প্রাথমিক শিক্ষা অধিদফতর হতে ১৯৯১ সালের ফেব্রুয়ারি মাস হতে ৪ জন শিক্ষকের নামে যথারীতি বেতন তোলা হচ্ছে। মদন থানার তিয়শ্রী ইউনিয়নের সাইত-পুর গ্রামে কোন বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের অস্তিত্ব নেই। আসবাবপত্র বা ছাত্রছাত্রীর কোন প্রশ্নই আসে না। এ অবস্থায় মদন থানার শিক্ষা অফিসার কয়েকবার উক্ত অস্তিত্বহীন বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি পরিদর্শনশেষে সব কিছু যথাযথ উল্লেখ করে সরকারী রেজি-স্ট্রেশনের জন্য প্রস্তাব পাঠান এবং তারই প্রেক্ষিতে ১৯৯১ সালের ৬ই ফেব্রুয়ারি বিদ্যালয়টি রেজিস্ট্রেশন পায়। রেজিস্ট্রেশন নম্বর ২৬৫। তখন থেকে চারজন শিক্ষকের নামে সরকারী বেতন তোলা হচ্ছে। স্থানীয় জনসাধারণ উক্ত জালিয়াতির ব্যাপারে বিভিন্ন দফতরে অভিযোগ করেও কোন প্রতিকার পায়নি বলে অভিযোগ রয়েছে।